সেট ক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

অর্ধ-বার্ষিক পরীক্ষা-২০১৮

নবম শ্রেণি

বিষয়- বাংলা ১ম পত্র (আবশ্যিক) **বিষয় কোড: ১০১**

(বহুনির্বাচনি)

সময়: ৩০ মিনিট **পূর্ণমান: ৩০**

[বি: দ্র: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক এবং সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান - ১।]

১। কোথায় দর্শনের চর্চা হয়?
ক) ঘরে খ) গুহায়
গ) মন্দিরে ঘ) জাদুঘরে

২। কাঙালীর খাজনা বাকি পড়েছে কি না তা কাকে দেখতে বলে?
ক) পরেশকে খ) দারোয়ানকে
গ) পাঁড়েকে ঘ) ভট্টাচার্য মশায়কে

৩। 'মৈমনসিংহ গীতিকা' সংগ্রহ করেন কে?
ক) দীনেশচন্দ্র সেন খ) মনসুর বয়াতি
গ) চন্দ্রকুমার দে ঘ) মুহম্মদ শহীদুল্লাহ্

নিচের অনুচ্ছেদটি পড়ে ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও:

"পরশ তাহার মায়ের স্নেহের মতো
ভুলায় খানিক মনের ব্যথা যত!"

৪। অনুচ্ছেদের চরণদ্বয়ের ভাবার্থের বৈপরীত্য 'সুভা' গল্পের কোন চরিত্রে লক্ষ করা যায়?
ক) বাণীকন্ঠ খ) প্রতাপ
গ) সুভার মা ঘ) সর্বশী

৫। উক্ত চরিত্রে বৈপরীত্য বিবেচনার ভিত্তি হলো-
ক) ক্ষোভ খ) অনুশোচনা
গ) ক্রোধ ঘ) আক্ষেপ

৬। 'সাবাশ মেয়ে তুমি' — খোদেজার এ কথা বলার কারণ তাহেরার-
ক) পালিয়ে আসা খ) কবুল না বলা
গ) নদীতে ঝাঁপ দেওয়া ঘ) বজরায় আশ্রয় নেওয়া

৭। 'আম-আঁটির ভেঁপু' গল্পে পিজরাপোলের আসামি বলতে বুঝায়-
ক) অবহেলিত খ) উপেক্ষিত
গ) দণ্ডিত ঘ) নির্যাতিত

৮। কোন যুদ্ধে হযরতের পরাজয়ের মিথ্যা সংবাদ প্রচারিত হয়েছিল?
ক) বদর খ) ওহোদ
গ) আহযাব ঘ) খয়বর

৯। কবি আবদুল হাকিমের বিখ্যাত কাব্যগ্রন্থ কোনটি?
ক) লালমতি খ) কারবালা
গ) নূরনামা ঘ) শহরনামা

১০। 'কপোতাক্ষ নদ' কবিতার শেষ ছয় চরণের অন্ত্যমিল হলো-
ক) গঘগঘঘগ খ) গঘগঘগঘ
গ) ঘঙচ ঘঙচ ঘ) ঘঙঘঙ চচ

১১। 'জুতা-আবিষ্কার' কবিতায় কার মুখ চুন হলো?
ক) মন্ত্রীর খ) যন্ত্রীর
গ) পন্ডিতের ঘ) বৈজ্ঞানিকের

১২। 'সব ব্যাটারাই এখন বামুন-কায়েত হতে চায়' — ভট্টাচার্য মশায়ের এ উক্তিতে ফুটে উঠেছে-
i) ক্রোধ
ii) হিংসা
iii) ঘৃণা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

১৩। 'পায়ের ধুলা পাইব কী উপায়ে!' — এ চরণে 'পায়ের ধুলা' দ্বারা কী বুঝানো হয়েছে?
ক) সম্মান খ) পুরস্কার
গ) সুদৃষ্টি ঘ) আশীর্বাদ

নিচের অনুচ্ছেদটি পড়ে ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও:

"তুমি সুন্দর তাই চেয়ে থাকি প্রিয়, সে কি মোর অপরাধ
গানের পাখিরে কে মনে রাখে, গান হলে অবসান"

১৪। অনুচ্ছেদের ভাবার্থ ফুটে উঠেছে নিচের কোন কবিতায়?
ক) কপোতাক্ষ নদ খ) ঝর্ণার গান
গ) বঙ্গবাণী ঘ) জীবন-সঙ্গীত

১৫। উক্ত ভাবার্থ নিচের কোন চরণ দ্বারা প্রকাশ করা যায়?
ক) কিন্তু এ স্নেহের তৃষ্ণা মিটে কার জলে
খ) দেশি ভাষা উপদেশ মনে হিত অতি
গ) আমরা চাই মুগ্ধ চোখ
ঘ) মনোহর মূর্তি হেরে

১৬। "পারিবনা এ কথাটি বলিওনা আর
একবার না পারিলে দেখ শতবার"- চরণদ্বয়ের ভাবার্থের সাথে সাদৃশ্যপূর্ণ চরণ হলো-
i) কর যত্ন হবে জয়
ii) যশোদ্বারে আসিবে সত্বর
iii) ওহে জীব কর আকিঞ্চন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

১৭। 'ভুখা আছ মর গো-ভাগাড়ে গিয়ে'- এ চরণে কোন অনুভূতি প্রকাশ পেয়েছে?
ক) ক্রোধ খ) প্রতিবাদ
গ) আক্ষেপ ঘ) অভিশাপ

১৮। কী খেলে বুধার মগজ ভরে?
ক) জ্যোৎস্না খ) বাতাস
গ) পানি ঘ) রোদ

১৯। 'বহিপীর' নাটকটি কোন ঋতুতে শুরু হয়েছে?
ক) গ্রীষ্ম খ) বর্ষা
গ) শরৎ ঘ) হেমন্ত

২০। খনার উপদেশমূলক বচনগুলো কোন শতাব্দীতে রচিত বলে ধারণা করা হয়?
ক) সপ্তম থেকে দশম খ) অষ্টম থেকে দ্বাদশ
গ) নবম থেকে ত্রয়োদশ ঘ) দশম থেকে পঞ্চদশ

২১। 'আমার এমন হয়েচে যে ইচ্ছে করে একদিকে বেরিয়ে যাই'- সর্বজয়ার এ উক্তির কারণ-
ক) সাংসারিক অভাব খ) দুর্গার দুরন্তপনা
গ) হরিহরের উদাসীনতা ঘ) গৃহকর্মে ব্যস্ততা

২২। 'যেই দেশে যেই বাক্য কহে নরগণ'- এ চরণে কবি কোন ভাষার প্রতি গুরুত্ব দিয়েছেন?
ক) সর্বভাষা খ) আরবি ভাষা
গ) মাতৃভাষা ঘ) বাংলাভাষা

২৩। 'কী ঢঙের কথাই যে তুমি বলো!' — সংলাপটি কার?
ক) তাহেরার খ) বহিপীরের
গ) খোদেজার ঘ) হকিকুল্লাহ্র

নিচের অনুচ্ছেদটি পড়ে ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও:

"লক্ষ লক্ষ হা-ঘরে দুর্গত ঘৃণ্য যমদূত
সেনা এড়িয়ে সীমান্ত পারে ছোটে"

২৪। অনুচ্ছেদে সীমান্ত পারে ছোটা মানুষের একজন হলো-
ক) কুন্তি খ) হরিকাকু
গ) মিঠুর মা ঘ) রবিদা

২৫। উক্ত মানুষকে বলা যায়-
i) উদ্বাস্তু
ii) ভীরু-কাপুরুষ
iii) নিরাপত্তাহীন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

২৬। 'জ্ঞানের সৃষ্টি মন সাপেক্ষ'- এখানে 'মন সাপেক্ষ' বলতে বুঝায়-
ক) মনোবাঞ্ছিত খ) মনোনিবিষ্ট
গ) মনোনির্ভর ঘ) মনোগ্রাহ্য

২৭। 'হযরত আবুবকরের গম্ভীর উক্তিতে সকলেরই চৈতন্য হইল' — এ উক্তির 'চৈতন্য হওয়া' বলতে বুঝায়-
ক) বোধদয় হওয়া
খ) রাসুলের বাণী বুঝা
গ) কুরআনের বাণী স্মরণ হওয়া
ঘ) রাসুলের মৃত্যু মেনে নেওয়া

২৮। 'আমার ক্ষুধার অন্ন তা বলে বন্ধ করনি প্রভু'- এ চরণে প্রকাশ পেয়েছে ভুখারির-
ক) আক্ষেপ খ) অনুশোচনা
গ) অভিমান ঘ) কৃতজ্ঞতা

২৯। 'জীবন-সঙ্গীত' কবিতায় 'পদাঙ্ক অঙ্কিত' করা বলতে বুঝায় -
i) গৌরব বোধ করা
ii) সৃষ্টিশীল কাজ করা
iii) মৃত্যুর পর অমর হওয়া
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৩০। 'প্রজারূপে রাজরূপ সাগরেরে দিতে'- এ চরণে উল্লেখিত 'প্রজা' কে?
ক) কবি নিজে খ) কপোতাক্ষ নদ
গ) বঙ্গজ জন ঘ) বঙ্গের সংগীত

সেট ক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

অর্ধ-বার্ষিক পরীক্ষা-২০১৮

নবম শ্রেণি

বিষয়- বাংলা প্রথম পত্র (আবশ্যিক) **বিষয় কোড: ১০১**

(সৃজনশীল)

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট **পূর্ণমান: ৭০**

[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। ‘ক’ বিভাগ (গদ্য) হতে কমপক্ষে দুইটি, ‘খ’ বিভাগ (কবিতা) হতে কমপক্ষে দুইটি, ‘গ’ বিভাগ উপন্যাস হতে কমপক্ষে একটি ও ‘ঘ’ বিভাগ (নাটক) হতে কমপক্ষে একটি করে মোট সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ক বিভাগ – গদ্য

নম্বর

১। ‘চোখ গেল’ ওই চেঁচিয়ে হলো সারা।
আচ্ছা দিদি, কী করবে ভাই তারা-
জন্ম লাগি গিয়েছে যার চোখ!
কাঁদার সুখ যে বারণ তাহার - ছাই!

‘চোখ গেল’ - তার ভরসা তবু আছে-
চক্ষুহীনার কী কথা কার কাছে!

(ক) ঢেঁকিশালা কী? ১
(খ) ‘কালো চোখকে কিছু তর্জমা করতে হয় না’ – ব্যাখ্যা কর। ২
(গ) উদ্দীপকের ভাবার্থ ‘সুভা’ গল্পের যে দিকটি নির্দেশ করে তা আলোচনা কর। ৩
(ঘ) ‘উক্ত দিকটি ফুটে উঠলেও সুভার পিতা-মাতার আকুতি ও অনুভূতি অনুপস্থিত’- মন্তব্যটির যথার্থতা বিচার কর। ৪

২। আট বছরের মেয়ে অধিরা সন্ধ্যায় ঘুমাতে চায় না। অধিরার দাদি তাকে ঘুম পাড়াতে যায়। দাদি অধিরাকে বলে- ‘আয় তোকে ঠাকুরমার ঝুলির গল্প বলি’। অধিরা বলে ‘ওসব সেকেলে, কেউ শোনেনা। আমি এখন ডরিমন কার্টুন দেখব।’ একথা শুনে দাদি তার বউমাকে বললেন বউমা ‘আমি এখন টিভি সিরিয়াল দেখব’।

(ক) ‘ফোকলোর সোসাইটি’ কী? ১
(খ) ‘এ গুলি সরস প্রাণের জীবন্ত উৎস’ – ব্যাখ্যা কর। ২
(গ) উদ্দীপকের বউমা এবং অধিরার মানসিকতায় ‘পল্লি সাহিত্য’ প্রবন্ধের যে দিকটি ফুটে উঠেছে তা বর্ণনা কর। ৩
(ঘ) উদ্দীপকের বউমা এবং অধিরার মতো মানুষের কাছে পল্লি সাহিত্য জনপ্রিয় করে তুলতে ‘পল্লিসাহিত্য’ প্রবন্ধে মুহম্মদ শহীদুল্লাহ্‌র বক্তব্যের যথার্থতা মূল্যায়ণ কর। ৪

৩। আনিকা ও অনিক দুই ভাই-বোন। তাদের বয়সের পার্থক্য চার বছর। একে অন্যের উপর নির্ভরশীল হলেও বিভিন্ন জিনিস একে অন্যকে তারা দেখাতে চায় না। আনিকার খেলার সামগ্রী অনিক লুকিয়ে রাখে। আনিকার বিভিন্ন আদেশ, আবদার অনিক মানতে চায় না। এই নিয়ে ওদের মাকে নানা বিড়ম্বনার মধ্যে পড়তে হয়।

(ক) হরিহর হাসিয়া কী বললো? ১
(খ) ‘হাবা একটা কোথাকার- যদি এতটুকু বুদ্ধি থাকে’ - এ উক্তির কারণ কী? ২
(গ) উদ্দীপকের ভাবধারার সাথে ‘আম-আঁটির ভেঁপু’ গল্পের যাদের জীবনের মিল আছে তা দেখাও। ৩
(ঘ) উদ্দীপকটি ‘আম-আঁটির ভেঁপু’ গল্পের সমগ্রভাব ধারণ করে না- যুক্তিসহ বিচার কর। ৪

৪। চলছে একুশের বইমেলা। বুয়েটের শিক্ষার্থী রায়না তার মামা ডাক্তার হাবিবের সাথে বইমেলায় বেড়াতে গিয়ে রবীন্দ্র গল্পগুচ্ছ, গোয়েন্দা কাহিনী ও আধুনিক কবিতা সমগ্র ইত্যাদি বই ক্রয় করে। এসব বই দেখে মামা মন্তব্য করে- “হবু ইঞ্জিনিয়ার ভাগনি কী সাহিত্যিক হতে চায়?” একথা শুনে রায়না বলে- “তা নয়, পড়তে ভালো লাগে তাই কিনেছি, চাইলে তুমিও পড়তে পারো।” মামা বলেন- “ডাক্তারি বই পড়েই পারছিনা, সাহিত্যের বই পড়বো কখন?”

(ক) প্রমথ চৌধুরীর ছদ্মনাম কী? ১
(খ) ‘আমরা জাত হিসেবে শৌখিন নই’- কেন? ২
(গ) উদ্দীপকে রায়নার মানসিকতায় বই পড়া প্রবন্ধের যে দিকটি গুরুত্ব পেয়েছে তা ব্যাখ্যা কর। ৩
(ঘ) উদ্দীপকের ডাক্তার হাবিবের মানসিকতা রায়নার বিপরীত ‘বই পড়া’ প্রবন্ধের আলোকে মূল্যায়ণ কর। ৪

খ বিভাগ - কবিতা

৫। রমজান আলীর মায়ের মৃত্যু বার্ষিকীতে খাওয়া-দাওয়া চলছে। এমন সময় বাড়ির সামনে কিছু ভিখারি ও অনাথ শিশু এসে ভিড় করলে তার বাড়ির চাকর তাদেরকে তাড়িয়ে দেয়। এ খবর রমজান আলী জানতে পেরে বললেন- “তুমি ওদের কেন তাড়িয়ে দিলে? ওদের জন্যও আমি খাবার রেখেছি। ভিখারি বা অনাথ শিশু যেই আসবে তাদের প্রত্যেককে যত্ন করে খাইয়ে দেবে।”

(ক) ক্ষুধার ঠাকুর কী? ১
(খ) ‘মোল্লা পুরুত লাগায়েছে তার সকল দুয়ারে চাবি’ - কেন? ২
(গ) উদ্দীপকের রমজান আলীর সাথে ‘মানুষ’ কবিতার মোল্লা পুরোহিতদের আচরণের বৈসাদৃশ্য তুলে ধর। ৩
(ঘ) ‘উদ্দীপকের ভিখারি ও অনাথ শিশুদের মত মানুষের অধিকার প্রতিষ্ঠাই ছিল কবি নজরুলের মূল চেতনা’ – ‘মানুষ’ কবিতার আলোকে উক্তিটি মূল্যায়ণ কর। ৪

৬। সিডরের আঘাতে ঘর-বাড়ি হারিয়ে আয়না চরের অধিবাসিরা খোলা আকাশের নিচে মানবেতর জীবন-যাপন করছে। জীবনে যখন বাঁচার আশাই খুঁজে পাচ্ছিল না, তখন সাহায্য সংস্থার প্রধান এস কে চৌধুরীর পরামর্শ ও অর্থ সাহায্য নতুন করে বাঁচার আশা জাগিয়ে তোলে। পুনরায় চরের মাটিতে ফসল ফলিয়ে, মাছ ধরে, গবাদি পশু পালন করে পাঁচ বছর পরে চরের অধিবাসীরা প্রমাণ করে- 'পরিশ্রমই সফলতার চাবিকাঠি।'

(ক) বাহ্যদৃশ্য কী? ১

(খ) 'মহিমাই জগতে দুর্লভ'- কেন? ২

(গ) উদ্দীপকের আয়না চরের অধিবাসীদের মধ্যে 'জীবন-সঙ্গীত' কবিতার যে দিক ফুটে উঠেছে তা বর্ণনা কর। ৩

(ঘ) "উদ্দীপকের এস কে চৌধুরী 'জীবন-সঙ্গীত' কবিতার মহাজ্ঞানী-মহাজনদের যথার্থ প্রতিনিধি" - মূল্যায়ণ কর। ৪

৭। ঢাকাতে জিহাদ নামে শিশুটি খেলতে গিয়ে ২০০ ফুট গভীর পাইপের মধ্যে পড়ে যায়। তাকে উদ্ধারের জন্য ঢাকার ফায়ার সার্ভিসের কর্মী, ওয়াসার ইঞ্জিনিয়ার ও বুয়েটের ইঞ্জিনিয়াররা দুইদিন ধরে আপ্রাণ চেষ্টা করেও তাকে তুলতে ব্যর্থ হয়। অবশেষে লোহার গ্রীল তৈরির সাধারণ মিস্ত্রী তার উদ্ভাবিত যন্ত্র দ্বারা শিশুটিকে তুলতে সমর্থ হয়।

(ক) পিপে কী? ১

(খ) 'মাটির ভয়ে রাজ্য হবে মাটি'- বলতে কী বুঝানো হয়েছে? ২

(গ) উদ্দীপকের সাধারণ মিস্ত্রীর সাথে 'জুতা-আবিষ্কার' কবিতার যে চরিত্রের সাদৃশ্য আছে তা ব্যাখ্যা কর। ৩

(ঘ) "উদ্দীপকের ইঞ্জিনিয়ারদের প্রচেষ্টা 'জুতা-আবিষ্কার' কবিতার সভাসদগণের প্রচেষ্টারই প্রতিচ্ছবি"-মন্তব্যটির সত্যতা নিরূপণ কর। ৪

গ-বিভাগ (উপন্যাস)

৮। সড়ক দুর্ঘটনায় বাবা-মাকে হারিয়ে ফয়সাল জগৎ সংসারে একা হয়ে পড়ে। শোকে-দুঃখে বারো বছরের ছেলে যেন পাথর হয়ে গেছে। হাসি, আনন্দের অনুভূতিহীন ছেলেটির আশ্রয় হয় চাচার বাড়িতে। চাচির অবহেলা ও নিষ্ঠুর আচরণে সে একদিন ঘর ছেড়ে পথে বেরিয়ে পড়ে।

(ক) কে বুধাকে 'ছন্নছাড়া' বলে ডাকত? ১

(খ) 'ওর বুকটা ধক করে ওঠে'- কেন? ২

(গ) উদ্দীপকের ফয়সাল 'কাকতাড়ুয়া' উপন্যাসের কার সাথে কীভাবে সাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্য কর। ৩

(ঘ) "উদ্দীপকে 'কাকতাড়ুয়া' উপন্যসের মূল উপজীব্য অনুপস্থিত"- মূল্যায়ন কর। ৪

৯। জাতিসংঘের হিসেবে পুরনো ও নতুন মিলিয়ে বাংলাদেশে আসা রোহিঙ্গার সংখ্যা এখন প্রায় দশ লাখ ছাড়িয়েছে। গত বছরের আগস্টের শুরু থেকে সেনাবাহিনী ভয়াবহ নির্যাতন শুরু করলে রোহিঙ্গারা বাংলাদেশে পালাতে শুরু করে। মিয়ানমারের সেনাবাহিনী রোহিঙ্গা পুরুষদের হত্যা করেছে, শিশুদের জবাই করেছে, নারীদের ধর্ষণ করেছে, বাড়িঘরে অগ্নিসংযোগ এবং লুঠতরাজ চালিয়েছে। এরপর হাজার হাজার রোহিঙ্গা বাংলাদেশে প্রবেশে করে।

(ক) কার হাসিতে তারার ফুল ফোটে? ১

(খ) আধ-পোড়া বাজারটার দিকে তাকিয়ে বুধার চোখ লাল হয়ে ওঠে কেন? ২

(গ) উদ্দীপকে রোহিঙ্গা শরণার্থীদের চিত্র 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে দিকটি নির্দেশ করে তা ব্যাখ্যা কর। ৩

(ঘ) "উদ্দীপকটি চিত্রে 'কাকতাড়ুয়া' উপন্যাসের সমগ্রভাব ধারণ করেনি" - মন্তব্যটি বিচার কর। ৪

ঘ-বিভাগ (নাটক)

১০। সে-যুগ হয়েছে বাসি,
যে যুগে পুরুষ দাস ছিল নাকো, নারীরা আছিল দাসী।
বেদনার যুগ, মানুষের যুগ, সাম্যের যুগ আজি,
কেহ রহিবে না বন্দী কাহারও, উঠিছে ডঙ্কা বাজি,
নর যদি রাখে নারীরে বন্দী, তবে এর পরযুগে
আপনারি রচা ঐ কারাগারে পুরুষ মরিবে ভুগে।

(ক) হাতেম আলীর জমিদারী কোথায়? ১

(খ) 'আমি কি বকরি-ঈদের গরু ছাগল নাকি?' এ কথাটি কেন বলা হয়েছে? ২

(গ) উদ্দীপকের ভাবটি 'বহিপীর' নাটকের যে চরিত্রে প্রতিফলিত হয়েছে তা বর্ণনা কর। ৩

(ঘ) "উদ্দীপকটি 'বহিপীর' নাটকের আংশিক রূপায়ণ মাত্র'-যুক্তিসহ বিচার কর। ৪

১১। ভন্ড পীর মজিদ মহব্বতনগর গ্রামে একটি কবর লালসালু দিয়ে ঢেকে সেটিকে পীরের মাজার বলে দাবী করে। অল্পদিনেই সে বহু সম্পত্তির মালিক হয়ে যায়। সম্পদ এবং স্ত্রী দুই বাড়তে থাকে তার। দ্বিতীয় বিবি হিসেবে ঘরে আনে বালিকা বধূ জমিলাকে। এই জমিলাকে অন্য বিবির মত বশে আনতে পারে না। শেষ পর্যন্ত জমিলাকে কবরের সাথে বেঁধে রাখতে গেলে জমিলা মজিদের মুখে থু থু মারে এবং মজিদের ভণ্ডামির বিরোধিতা করে।

(ক) হাতেম আলির বাল্যবন্ধুর নাম কী? ১

(খ) বহিপীর বইয়ের ভাষায় কথা বলেন কেন? ২

(গ) উদ্দীপকের জমিলা ও 'বহিপীর' নাটকের যে চরিত্রের সাথে সাদৃশ্যমূলক তা দেখাও। ৩

(ঘ) "উদ্দীপকের মজিদ ও 'বহিপীর' নাটকের বহিপীর মূলত একই পথের পথিক হলেও আলাদা" মন্তব্যটির যথার্থতা বিচার কর। ৪